**কবিতা/গল্প প্রকাশ**



**নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১**



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746



**হলি ডে হোম বুকিং**



দর্শনীয় ভ্রমণের জায়গা-
হোটেল :- তারাপীঠ, দিঘা ,পুরী ।
বাগান বাড়ি :- খেজুরি-পূর্ব মেদিনীপুর।
বুকিং এর জন্য যোগাযোগ করুন
"**এই যুগ**" অফিসে।
ফোন নং: 9062867921 ।



PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য - 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 15 JANUARY 2026 ,THURSDAY | ১৫ জানুয়ারি ২০২৬ ,বৃহস্পতিবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-47


## ‘উন্নয়নের পাঁচালি’ নিয়ে রঞ্জিত মল্লিকের বাড়িতে অভিষেক



এই যুগ , কলকাতা, ১৪ জানুয়ারি : রাজ্যে চলছে জোর কদমে SIR এর শুনানির কাজ , আবার কয়েকমাস পরেই রাজ্যে বিধানসভা নির্বাচন । রাজ্যের শাসকদলের হাতিয়ার লক্ষী ভাণ্ডার , কন্যাশ্রী থেকে শুরু করে বিভিন্ন জনমুখী প্রকল্প সহ উন্নয়ন। এই জনমুখী উন্নয়ন কে প্রচার করতে রাজ্যের শাসকদলের প্রধান হাতিয়ার "উন্নয়নের পাঁচালি"। রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় সিদ্ধান্ত নিয়েছিলেন রাজ্যের ১৬০০ জন বিশিষ্ট মানুষদের হাতে তুলে দেওয়া হবে ‘উন্নয়নের পাঁচালি’ সহ বিশেষ ধরনের কিট । মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের কথা মত বুধবার ভবানীপুরে বাংলা চলচ্চিত্র জগতের বিশিষ্ট অভিনেতা রঞ্জিত মল্লিকের বাড়িতে হাজির হয়েছিলেন সর্বভারতীয় তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক তথা সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়। সঙ্গে ছিলেন রাজ্যের মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় ও।এদিন সন্ধ্যায় মল্লিক বাড়ি থেকে বেরিয়ে সাংবাদমাধ্যমের মুখোমুখি হয়ে অভিষেক জানান , বাংলায় সিনেমায় ওনার অবদান স্বর্ণাক্ষরে আগামী কয়েক শতাব্দী লেখা থাকবে । আজ সরকারের ১৫ বছরের উন্নয়নের খতিয়ান তুলে ধরতেই ওনার কাছে আসা । সামাজিক সুরক্ষা, স্বাস্থ্য, শিক্ষা ও সংস্কৃতি সহ বিভিন্ন উন্নয়নমূলক কাজের কথা ওনার সামনে তুলে ধরা হয়েছে । এদিন অভিষেক এর সাথে সাক্ষাৎতে খুশি বিশিষ্ট অভিনেতা রঞ্জিত মল্লিক ও ।

## আদিবাসীদের সাথে সাক্ষাৎ করে মকর উৎসব উদযাপনে শুভেন্দু



গোপাল যাদব, এই যুগ , ঝাড়গ্রাম, ১৪ জানুয়ারি : ঝাড়গ্রামের মানিকপাড়াতে কালাঝড়িয়ায় আদিবাসীদের সাথে সাক্ষাৎ করে মকর উৎসব উদযাপন করলেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। এই শুভ দিনে আদিবাসীদের সাথে মাটিতে বসে ভোজন করেন জঙ্গলমহলের কুটুম ,জননেতা তথা রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী মহাশয়। এদিন মাটিতে বসেই আদিবাসীদের সঙ্গে কথাও বলেন শুভেন্দু। এদিন বিরোধী দলনেতাকে পিঠে খাইয়ে দেন জঙ্গলমহলের মা-বোনেরা । এদিন আদিবাসী ভাই বোনদের সাথে জঙ্গলমহলে মকর উৎসবে সামিল হতে পেরে খুশি রাজ্যের বিরোধী দলনেতাও।

## মালদহ থেকে শিলিগুড়িতে মাদক পাচারের চেষ্টা রুখে দিলো পুলিশ, উদ্ধার মাদক ,গ্রেপ্তার এক



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ১৪ জানুয়ারি : শিলিগুড়ি পুলিশের স্পেশাল অপারেশন গ্রুপ ও মাটিগাড়া থানার পুলিশের যৌথ অভিযানে ভেস্তে গেলো মালদহ থেকে শিলিগুড়িতে মাদক পাচারের ছক। জানা গেছে মঙ্গলবার রাতে স্পেশাল অপারেশন গ্রুপ ও মাটিগাড়া থানার পুলিশ যৌথভাবে মাটিগাড়া বাজারে অভিযান চালিয়ে একটি চার চাকার গাড়ি আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে গাড়ি থেকে উদ্ধার হয় চারশো তিরাশি গ্রাম ব্রাউন সুগার। গ্রেপ্তার করা হয় গাড়ির চালক গোবিন্দ রায়কে সে মাটিগাড়া শিমুলতলার বাসিন্দা। সে মালদহ থেকে এই মাদক শিলিগুড়িতে পাচারের ছক কষেছিলো। এন ডি পি এস আইনের নির্দেশিকা মেনে সমস্ত প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে ও ধৃতের বিরুদ্ধে এন ডি পি এস আইনের নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে বুধবার শিলিগুড়ি আদালতে পাঠানো হয়েছে। পুলিশ তদন্ত জারী রেখেছে।

## নিষিদ্ধ মাদক ক্যাপসুল সহ গ্রেপ্তার এক মহিলা



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ১৪ জানুয়ারি : আলিপুরদুয়ার জেলা পুলিশের বীরপাড়া থানার পুলিশ সূত্র মারফত পাওয়া খবরের ভিত্তিতে বুধবার থানা এলাকার ক্ষুদিরাম পল্লীতে অভিযান চালিয়ে উদফহার করে আঠাশ বাক্স নিষিদ্ধ মাদক ক্যাপসুল। নিষিদ্ধ মাদক ক্যাপসুল পিভন স্পাস প্লাস ক্যাপসুল রাখার অভিযোগে গ্রেপ্তার করা হয় এক মহিলাকে। মহিলা ক্ষুদিরাম পল্লীতে একটি বাড়ি ভাড়া করে থাকতো বলে জানিয়েছে পুলিশ। তদন্তের স্বার্থে মহিলার নাম ও আসল ঠিকানা গোপন রেখেছে পুলিশ। ধৃতের বিরুদ্ধে এন ডি পি এস আইনের নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে আলিপুরদুয়ার জেলা আদালতে পাঠানো হয়েছে। মাদক ক্যাপসুল উদ্ধার, বাজেয়াপ্ত ও গ্রেপ্তারি পর্ব এন ডি পি এস আইনের নির্দেশিকা মেনে সম্পন্ন করা হয়েছে। পুলিশ তদন্ত জারী রেখেছে।

# জলদাপাড়ায় স্বাস্থ্য শিবির সহ আলোচনা সভা



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৪ জানুয়ারি : জলদাপাড়া ওয়াইল্ডলাইফ ডিভিশন ,মাদারিহাট ব্লক হাসপাতালের সহযোগিতায় ধুমচি ফরেস্ট ভিলেজের বাসিন্দাদের জন্য একটি স্বাস্থ্য শিবিরের আয়োজন করে। এই কর্মসূচির সঙ্গে মানব-বন্যপ্রাণ সংঘাত কমানোর লক্ষ্যে একটি সচেতনতা সভাও অনুষ্ঠিত হয়।শিবিরে মোট ৬৪ জন গ্রামবাসীর স্বাস্থ্য পরীক্ষা করা হয়। পাশাপাশি বন সংরক্ষণ ও মানব-বন্যপ্রাণ সংঘাত প্রশমন নিয়ে আলোচনা করা হয়। এই সমন্বিত কর্মসূচিতে জেএফএমসি-র সভাপতি, মাদারিহাট রেঞ্জের অধীন নর্থ খয়েরবাড়ি বিটের বিট অফিসার, একজন সাধারণ চিকিৎসক, একজন চক্ষু বিশেষজ্ঞ এবং ব্লক হাসপাতালের চিকিৎসক দল উপস্থিত ছিলেন।

# প্রজাতন্ত্র দিবসের প্রাক্কালে কড়া নজরদারি পুলিশের




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৪ জানুয়ারি : এলাকায় শান্তি-শৃঙ্খলা বজায় রাখার লক্ষ্যে শামুকতলা রোড ফাঁড়ির পুলিশ রাত্রিকালীন পায়ে হেঁটে টহলদারি শুরু করল শামুকতলা রোড ফারিন অধীনে বিভিন্ন জায়গায়। বুধবার রাত ন'টা থেকে শুরু হয় ৩১ নম্বর জাতীয় সড়কের মহাকাল চৌপথী এলাকায় পুলিশের পায়ে হেঁটে টহোলদারি। পাশাপাশি ৩১ নম্বর জাতীয় সড়কের মহাকাল চৌপথী এলাকায় আসাম থেকে আসা বিলাসবহুল গাড়ি গুলি তে তল্লাশি চালানো হয়। ২৬ শে জানুয়ারি প্রজাতন্ত্র দিবসের প্রাক্কালে জাতীয় সড়কে বিলাসবহুল গাড়ি থেকে শুরু করে অন্যান্য গাড়িতে তল্লাশি শুরু করেছে পুলিশ। শামুকতলার রোড ফাঁড়ির ওসি সঞ্জীব মোদক জানিয়েছেন শীতের মরসুম চলছে। তাছাড়া মাঝেমধ্যেই ঘন কুয়াশা শুরু হচ্ছে সন্ধ্যা থেকেই। পথ চলতি মানুষ সহ ব্যবসায়ী এবং আমজনতাকে নিরাপত্তা দেওয়ার লক্ষ্যেই পুলিশের পায়ে হেঁটে টহল এবং বিলাসবহুল গাড়িতে তল্লাশি শুরু হয়েছে।

# বৈরাতি নৃত্যের মাধ্যমে ৩৭তম রাজ্য ভাওয়াইয়া প্রতিযোগিতার শুভ সূচনা ময়নাগুড়িতে



সুস্মিতা রায়, এই যুগ, ময়নাগুড়ি ,১৪ জানুয়ারি : বৈরাতি নৃত্যের মধ্য দিয়ে বুধবার থেকে আনুষ্ঠানিকভাবে শুরু হল ৩৭তম রাজ্য ভাওয়াইয়া সংগীত প্রতিযোগিতা। পশ্চিমবঙ্গ সরকারের অনগ্রসর শ্রেণি কল্যাণ দপ্তরের উদ্যোগে এই প্রতিযোগিতামূলক অনুষ্ঠান অনুষ্ঠিত হচ্ছে জলপাইগুড়ি জেলার ময়নাগুড়ির মাধবডাঙ্গা–১ গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত জল্পেশ মেলার মাঠের মুক্ত মঞ্চে। বুধবার ও বৃহস্পতিবার—এই দু'দিন ধরে চলবে রাজ্যস্তরের এই সাংস্কৃতিক অনুষ্ঠান।প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে অনুষ্ঠানের আনুষ্ঠানিক উদ্বোধন করেন অনগ্রসর শ্রেণি কল্যাণ দপ্তরের মন্ত্রী বুলু চিক বড়াইক। পাশাপাশি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উত্তরবঙ্গ পরিবহন নিগমের চেয়ারম্যান পার্থ প্রতিম রায়, রাজ্য ভাওয়াইয়া প্রতিযোগিতা কমিটির চেয়ারম্যান রবীন্দ্রনাথ ঘোষ, রাজ্য কমিটির সদস্য বিজয় চন্দ্র বর্মন, জলপাইগুড়ি জেলার পুলিশ সুপার ওয়াই রঘুবংশী, জলপাইগুড়ি জেলা তৃণমূল কংগ্রেস সভাপতি মহুয়া গোপ, ধুপগুড়ির বিধায়ক ডঃ নির্মল চন্দ্র রায়, ময়নাগুড়ি ২ নম্বর গ্রাম পঞ্চায়েতের ব্লক সভাপতি শিব শঙ্কর দত্ত, ময়নাগুড়ি পঞ্চায়েত সমিতির সভাপতি কুমুদ রঞ্জন রায়, ময়নাগুড়ি ব্লকের সমষ্টি উন্নয়ন আধিকারিক, জলপাইগুড়ি জেলা পরিষদের সভাধিপতি কৃষ্ণা রায় বর্মন, তৃণমূল কংগ্রেসের জেলা যুব সভাপতি রামমোহন রায়, ময়নাগুড়ি পৌরসভার চেয়ারম্যান মনোজ রায় সহ বহু বিশিষ্ট ব্যক্তি।অনুষ্ঠান সম্পর্কে রাজ্য কমিটির সদস্য বিজয় চন্দ্র বর্মন জানান, এই প্রতিযোগিতা দরিয়া ও চটকা—এই দুটি বিভাগে অনুষ্ঠিত হচ্ছে। প্রতিটি বিভাগে প্রথম ও দ্বিতীয় স্থানাধিকারীরা কোচবিহারে অনুষ্ঠিতব্য রাজ্য ভাওয়াইয়া সংগীত প্রতিযোগিতার ফাইনাল রাউন্ডে অংশগ্রহণের সুযোগ পাবেন।

# শাবক সহ হাতির দলকে জঙ্গলে ফেরালো বন দপ্তরের কর্মীরা



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৪ জানুয়ারি : বনদফতরের প্রচেষ্টায় অবশেষে হাতির দল আলিপুরদুয়ার জেলার দক্ষিণ খয়েরবাড়ি জঙ্গলে প্রবেশ করল। ঘন কুয়াশার জেরে পথ হারিয়ে কোচবিহার জেলার বালাসুন্দর এলাকায় ঢুকে পড়েছিল ১৭টি হাতির একটি দল। ঘটনাটি ঘটে ১৩ জানুয়ারি । জানা গিয়েছে, দলটিতে ছিল ৫টি শাবক, ৫টি কিশোর হাতি এবং ৭টি প্রাপ্তবয়স্ক হাতি। দলটি দালগাঁও বনাঞ্চল থেকে খৈরবাড়ি বনাঞ্চলের দিকে যাওয়ার সময় দিকভ্রান্ত হয়ে পড়ে। কুয়াশার কারণে দৃশ্যমানতা কম থাকায় এবং দলে ছোট শাবক থাকায় হাতির দলটি নির্ধারিত রুট ছেড়ে লোকালয়ে ঢুকে পড়ে।বন দপ্তরের কর্মীরা সারা রাত ধরে হাতির পায়ের ছাপ অনুসরণ করে তাদের অবস্থান চিহ্নিত করেন। জানা যায়, হাতির দলটি দুটি প্রধান সড়ক এবং একটি রেললাইন অতিক্রম করে ডুডুয়া নদীর ধারে কাশবনের মধ্যে দিনের বেলা আশ্রয় নেয়। এই স্থানটি নিকটবর্তী বনাঞ্চল থেকে প্রায় ২০ কিলোমিটার দূরে।পরিস্থিতির গুরুত্ব বুঝে দ্রুত ঘটনাস্থলে পৌঁছান জলদাপাড়া ওয়াইল্ডলাইফ ডিভিশন, জলপাইগুড়ি ডিভিশন, কোচবিহার ডিভিশন এবং বক্সা টাইগার রিজার্ভের বন আধিকারিক ও কর্মীরা। মোট ১০টি আলাদা দল মোতায়েন করা হয় এবং এলাকাটি ঘিরে ফেলা হয়। সাধারণ মানুষের নিরাপত্তার জন্য মাইকিং করা হয় এবং জেলা প্রশাসনের পক্ষ থেকে এলাকায় BNHS-163 জারি করা হয়।ছোট শাবক থাকায় হাতির দলটি ছিল অত্যন্ত সতর্ক ও ধীরগতির, পাশাপাশি আক্রমণাত্মক হওয়ার আশঙ্কাও ছিল। তাই মানব চলাচল কমে যাওয়ার অপেক্ষায় সন্ধ্যা পর্যন্ত অভিযান স্থগিত রাখা হয়। সন্ধ্যার পর সমন্বিতভাবে হাতিগুলিকে জঙ্গলের দিকে চালিত করার চেষ্টা শুরু হয়। ঘন কুয়াশার মধ্যেও রাত ১টা নাগাদ হাতির দলটি চলাচল শুরু করে এবং ১৪ জানুয়ারি ভোর ৬টা নাগাদ আলিপুরদুয়ার জেলার দক্ষিণ খয়েরবাড়ি বনাঞ্চলে নিরাপদে প্রবেশ করে।এই সময় রেল কর্তৃপক্ষকে একাধিকবার সতর্ক করা হয় এবং সংশ্লিষ্ট রুটে ট্রেনের গতি নিয়ন্ত্রণ করা হয়। বন দপ্তর ও প্রশাসনের যৌথ প্রচেষ্টায় প্রায় ২০ কিলোমিটার পথ অতিক্রম করে হাতির দলটি নিরাপদে জঙ্গলে ফিরে যায়।

# সোনা সহ গ্রেপ্তার সোনার দোকানের কর্মচারী





মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৪ জানুয়ারি : চুরি যাওয়া সোনা সহ অভিযুক্তকে গ্রেফতার করে বুধবার আদালতে পাঠালো জয়গাঁ থানার পুলিশ।পুলিশ সূত্রে খবর, গত নভেম্বর মাসে জয়গাঁর সুভাষপল্লী এলাকার স্বর্ণ ব্যবসায়ী জয়দীপ সূত্রধরের দোকান থেকে ২৩ গ্রাম সোনা নিয়ে চম্পট দেয় তারই দোকানের এক কর্মচারী।এরপরই বিষয়টি নজরে আসতে পুলিশের কাছে অভিযোগ করেন তিনি। তদন্তে নেমে অবশেষে প্রায় দেড় মাসের মাথায় চুরি যাওয়া সোনা ও অভিযুক্ত সঞ্জয় দে কে গ্রেফতার করে পুলিশ।এদিন তাকে অলিপুরদুয়ার আদালতে তোলা হলে বিচারক তাকে জেল হেফাজতের নির্দেশ দেন।

# বাবা এবং ছেলের আত্মহত্যাকে কেন্দ্র করে চাঞ্চল্য শামুকতলায়



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৪ জানুয়ারি : একই পরিবারের দুজনের আত্মহত্যার ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে আলিপুরদুয়ার জেলার শামুকতলা থানা এলাকায়। বাবা এবং ছেলের আত্মহত্যার ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে শামুকতলা থানার গারোখুটা এলাকায়। বুধবার বিকেল চারটা নাগাদ আলিপুরদুয়ার জেলা হাসপাতালের মর্গে ময়নাতদন্তের পর মৃতদেহ পরিবারের হাতে তুলে দেওয়া হয়েছে এমনটাই জানা গেছে প্রশাসনিক সূত্রে। শামুকতলা থানার গারো খুঁটা এলাকার এতোয়া খড়িয়া এবং তার ছেলে গঙ্গা খড়িয়া মদ্যপ অবস্থায় ঝগড়া বাদে মঙ্গলবার রাতে। ছেলে এবং বাবার ঝগড়ার পর ছেলে বাড়ি থেকে বের হয়ে যায়। বেশ কিছুক্ষণ ছেলেকে খোঁজার পর ছেলের ঝুলন্ত দেহ দেখতে পায় তার বাবা বাড়ির পাশেই। ছেলের ঝুলন্ত দেহ দেখার পরেই অনুশোচনায় তার বাবা বাড়িতে গলায় দড়ি দিয়ে আত্মহত্যা করেন। ঘটনার খবর পাওয়ার পরেই শামুকতলা থানার পুলিশ গিয়ে দুটি মৃতদেহ উদ্ধার করে নিয়ে আসে রাতেই। বুধবার আলিপুরদুয়ার জেলা হাসপাতালের মর্গে ময়না তদন্তের পর মৃতদেহ পরিবারের হাতে তুলে দেয়। একই পরিবারে দুজনের মৃত্যুতে শোকের ছায়া নেমে আসে ওই এলাকায়।

# ৫ বছরের শিশুকে বাড়িতে রেখে ঔষধ আনার নাম করে নিখোঁজ গৃহবধূ



সুস্মিতা রায়, এই যুগ, ময়নাগুড়ি, ১৪ জানুয়ারি : মাতৃত্বের প্রতি সমাজের বিশ্বাসকে প্রশ্নের মুখে দাঁড় করাল আরও এক ঘটনা। ময়নাগুড়ি ব্লকের দোমহানি-২ গ্রামপঞ্চায়েতের শিঙ্গিমারি পালপাড়া এলাকায় ৫ বছরের শিশুপুত্রকে বাড়িতে রেখে নিখোঁজ শিপ্রা রায় নামে এক গৃহবধূ। ঘটনাকে ঘিরে এলাকাজুড়ে তীব্র চাঞ্চল্য সৃষ্টি হয়েছে।পরিবার সূত্রে জানা গেছে, শিপ্রা রায় সোমবার সকালে স্বামী রতন রায়কে জানান তিনি ঔষধ আনতে ময়নাগুড়ি হাসপাতালে যাচ্ছেন যাওয়ার পর ফোনে স্বামীর সঙ্গে কথাও হয় কিন্তু সকাল প্রায় ১১টা নাগাদ স্বামী ফোনে যোগাযোগ করার চেষ্টা করলে তার মোবাইল ফোন সুইচ অফ পাওয়া যায়। নির্দিষ্ট সময় পেরিয়ে গেলেও বাড়ি না ফেরায় পরিবারের সদস্যরা উদ্বিগ্ন হয়ে পড়েন। আত্মীয়স্বজন ও আশপাশের বিভিন্ন এলাকায় খোঁজ চালিয়েও কোনও সন্ধান মেলেনি।অবশেষে পরিবারের পক্ষ থেকে সোমবার রাতেই ময়নাগুড়ি থানায় একটি নিখোঁজ সংক্রান্ত ডায়েরি দায়ের করা হয়। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।নিখোঁজ গৃহবধূর স্বামী রতন রায় জানান, "আমি পেশায় গাড়ি চালক। কাজের সূত্রে আমাকে বাইরে থাকতে হয় ।কাজ না করলে সংসার চলে না। ৫ বছরের শিশুকে এভাবে বাড়িতে রেখে চলে যাবে—আমি কোনওভাবেই বিশ্বাস করতে পারছি না।


হলি ডে হোম বুকিং

দর্শনীয় ভ্রমণের জায়গা-

**হোটেল :-** তারাপীঠ, দিঘা ,পুরী ।

**বাগান বাড়ি :-** খেজুরি-পূর্ব মেদিনীপুর।

বুকিং এর জন্য যোগাযোগ করুন

"**এই যুগ**" অফিসে।

ফোন নং: **9062867921** ।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |